তারিখ 25 SEP 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

দৈনিক সংবাদ

সূর্যসেন হলে একজন গুলীবিদ্ধ

# ক্যাম্পাসে প্রচণ্ড গোলাগুলি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাতীয়তাবাদী ছাত্রদলের দু'টি গ্রুপের মধ্যে সংঘর্ষের জের হিসেবে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় রণক্ষেত্রে পরিণত হয়। প্রচণ্ড গোলাগুলির শব্দে রাতে ক্যাম্পাস প্রকম্পিত হয়ে ওঠে।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে প্রচণ্ড গোলাগুলি

(১ম পাতার পর)

রাত সোয়া এগারটার দিকে সূর্যসেন হলের সামনে একজন গুলীবিদ্ধ হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল ক্যাম্পাসের কলাভবন সংলগ্ন হলগুলোতে দিনেরবেলাতেই অস্ত্রধারী এবং বহিরাগতদের অবস্থান আরো সুদৃঢ় হয়। রাত নেমে আসার সঙ্গে সঙ্গে কলাভবন সংলগ্ন হলগুলোর প্রধান গেট বন্ধ করে দেয়া হয়। হলে বাতি নিভিয়ে দিয়ে দু'টি গ্রুপের মধ্যে প্রচণ্ড গোলাগুলি বিনিময় শুরু হয়। বিশ্ববিদ্যালয় এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। অনেক ছাত্র রাতে হলে ফিরতে পারেনি।